

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd


স্মারক নম্বর : ৪৬.০০.১৯০০.০৪২.৯৯.০৮২.২১.৩৮৬

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩২
১১ মার্চ, ২০২৬

সভার বিজ্ঞপ্তি

বিষয় : বগুড়া জেলা পরিষদের আওতাধীন শিবগঞ্জ উপজেলা পরিষদের সম্প্রসারিত জায়গায় নির্মিতব্য শিশু পার্কের নাম 'মীর শাহে আলম শিশু পার্ক' এবং ১০০০ (এক হাজার) আসন বিশিষ্ট অডিটোরিয়ামের নাম 'মীর শাহে আলম অডিটোরিয়াম' নামকরণ বিষয়ক সভা।

বগুড়া জেলা পরিষদের আওতাধীন শিবগঞ্জ উপজেলা পরিষদের সম্প্রসারিত জায়গায় নির্মিতব্য শিশু পার্কের নাম 'মীর শাহে আলম শিশু পার্ক' এবং ১০০০ (এক হাজার) আসন বিশিষ্ট অডিটোরিয়ামের নাম 'মীর শাহে আলম অডিটোরিয়াম' নামে নামকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (কক্ষ নম্বর: ৬৩৪, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) আগামী ১৬ মার্চ, ২০২৬ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। যুগ্মসচিব, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ০২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৩। প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া (উল্লিখিত পার্ক ও অডিটোরিয়াম বিষয়ক সকল কাগজপত্রসহ সভায় উপস্থিত থেকে মতামত দেয়ার অনুরোধসহ) এবং
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা (সভায় আগত কর্মকর্তাগণকে সচিবালয়ে প্রবেশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)]।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।